# মূল্যায়ন পরীক্ষা - ২০২০

**শ্রেণি: নবম**

**বিষয়: ব্যবসায় উদ্যোগ**

**সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান-৭০**

*[**দ্রষ্টব্য:** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোন **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

১. জনাব গফুর গম থেকে উন্নতমানের আটা এবং ময়দা প্রস্তুত করেন। তার পণ্যটি নতুন হওয়ায় আশানুরূপ বিক্রয় হয় না। তাই তিনি বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করেন।

ক. কোনটি আধুনিককালে ব্যবসায় টু ব্যবসায় বলে অভিহিত করা হয়? ১

খ. কীভাবে পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি হয়? ২

গ. জনাব গফুরের প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব গফুর তার বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা কীভাবে বাস্তবায়ন করতে পারবেন? মতামত দাও। ৪

২. জনাব সুমনের চট্টগ্রামে বোয়ালখালীতে একটি মুরগির ফার্ম আছে। তিনি মুরগির ফার্ম দিয়ে তার এলাকায় সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেছেন। তিনি তার ফার্মে উৎপাদিত ডিম বোয়ালখালী ছাড়াও চট্টগ্রাম সদরের বিভিন্ন এলাকায় বিক্রয় করে প্রচুর মুনাফা অর্জন করতে চান। কিন্তু বোয়ালখালীর সাথে চট্টগ্রাম সদরের যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকায় তিনি তা করতে পারছেন না।

ক. পণ্যদ্রব্য উৎপাদনসংক্রান্ত কাজকে কী বলে? ১

খ. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব সুমনের শিল্পটির ধরন বর্ণনা কর। ৩

ঘ. কোন ধরনের শিল্পের অভাবে সুমন প্রচুর মুনাফা অর্জন করতে পারছেন না? আলোচনা কর। ৪

৩. দেশে উৎপাদিত পাটের সঠিক ব্যবহার নিশ্চিত করার কথা চিন্তা করে শেখ নাসির উদ্দিন তার পিতা শেখ আকিজ উদ্দিনের সহায়তায় যশোরের নওয়াপাড়ায় 'আকিজ জুট মিল' নামক শিল্প গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানে কয়েক শত শ্রমিক কাজ করছে এবং সংসার পরিচালনা করার অর্থ উপার্জন করতে পারছে।

ক. উদ্যোক্তা কাকে বলে? ১

খ. উদ্যোক্তা ঝুঁকি গ্রহণের মনোভাব বৈশিষ্ট্যটি সম্পর্কে লিখ। ২

গ. আর্থসামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের কোন অবদানের কারণে শেখ নাসির উদ্দিন জুট মিল গড়ে তোলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. শ্রমিক-কর্মীরা কীভাবে 'আকিজ জুট মিল'-এ অবদান রাখছে– আলোচনা কর। ৪

৪. বাবুল ছোটবেলা থেকেই সৃজনশীল কাজে পারদর্শী হওয়ায় চাচা তাকে কিছু টাকা দেয়। এটি দিয়ে সে বাশ ও বেত দিয়ে খেলনা তৈরি করে তা শহরে বিক্রী করেন। খুব তাড়াতাড়ি সে শহরে একটি খেলনার দোকান দেয়।

ক. সফল উদ্যোক্তার চরিত্রের উলেযোগ্য দিক কোনটি? ১

খ. বেকারত্ব সমাজের জন্য অভিশাপ কেন? ২

গ. বাবুলের সফলতার মূল কারণ কী? ৩

ঘ. কর্মসংস্থান তৈরিতে বাবুলের ভূমিকা বর্ণনা কর। ৪

৫. মি. কাউসার একজন খুচরা ব্যবসায়ী। তিনি চান তার ব্যবসাকে আরও বড় করতে। সেজন্য তিনি একটি পরিকল্পনা গ্রহণ করলেন। পরিকল্পনা অনুসারে কাজ করে অবশেষে তিনি একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করলেন। তার জীবনে পরিকল্পনার গুরুত্ব অপরিসীম। লক্ষ্য ঠিক রেখেই জীবনে পরিকল্পনা প্রণয়ন করতে হয়।

ক. ব্যবসায় পরিকল্পনা কী? ১

খ. লক্ষ্য ঠিক করতে হয় কেন? ২

গ. মি. কাউসারের জীবনে সফলতার চাবিকাঠি কীভাবে তাকে তার গন্তব্যে পৌঁছাতে সাহায্য করে? ৩

ঘ. মি. কাউসার ব্যবসায় পরিকল্পনার যে গুরুত্ব বুঝতে পেরেছেন তা আলোচনা কর। ৪

৬. সুরাইয়া ইসলাম একজন গৃহিণী। তিনি তার পরিবারকে সাহায্য করার জন্য নিজ বাড়িতেই নকশিকাঁথা তৈরির পরিকল্পনা করেছেন। বর্তমান প্রতিযোগিতামূলক বাজারে ব্যবসায়ের সাফল্যের বিষয়ে তিনি বেশ শঙ্কিত। তাই তিনি তার ব্যবসায়ের সফলতার জন্য ব্যবসায় শুরুর পূর্বেই সম্ভাব্যতা যাচাই করেছেন। মূলত তার সঠিক পণ্য নির্বাচনই তার ব্যাবসায়ের সফলতা বয়ে আনে।

ক. উদ্যোক্তার প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়ার সূত্রপাত হয় কখন থেকে? ১

খ. প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্পসংক্রান্ত ধারণা উন্নয়নের জন্য সুরাইয়া যেসব নিয়ম অনুসরণ করছেন তা উল্লেখ কর। ৩

ঘ. "সঠিক পণ্য নির্বাচন ব্যবসায় সফলতা বয়ে আনে"– এর পক্ষে যুক্তি দাও। ৪

৭. রতন, ফুয়াদ ও মারুফ তিন বন্ধু সম্প্রতি বি.কম পাস করেছে। তাদের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করছিল। মারুফ এখনও সিদ্ধান্ত চূড়ান্ত করতে পারেনি। কারণ তার বাবার ইচ্ছা সে মধ্যপ্রাচ্যের কোনো দেশে চলে যাক। কিন্তু মেধাবী মারুফ চায় দেশেই কিছু করতে। এজন্য সে হাঁস-মুরগি পালনের ওপর দু'মাসের প্রশিক্ষণ গ্রহণ করে। এতে তার মনোবল বেড়ে যায়। বিদেশ যাবার টাকা দিয়ে সে বাড়িতে হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগ করে নিজের চেষ্টায় আজ সে স্বাবলম্বী।

ক. জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান শতকরা কতভাগ? ১

খ. বাংলাদেশে বেকার সমস্যা দিন দিন বেড়ে যাচ্ছে কেন? ২

গ. মারুফের হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. স্বাবলম্বী হওয়ার পেছনে কোন গুণটি মারুফকে বেশি প্রভাবিত করেছে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮. মি. আরিফ একটি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি চাকরি করে যে টাকা বেতন পান তা চাহিদা পূরণের তুলনায় অপ্রতুল। তাই তিনি চাকরি ছেড়ে দিয়ে নিজেই নিজের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে অধিক উপার্জনের উদ্যোগ গ্রহণ করেন। আত্মকর্মসংস্থানের জন্য তিনি প্রথমে খুব ছোট ব্যবসায়ের উদ্যোগ গ্রহণ করলেও পরবর্তীতে দেশের শীর্ষ পর্যায়ের শিল্প ব্যক্তিত্ব হিসেবে নিজেকে প্রকাশ করেছেন।

ক. চাকরি কী? ১

খ. চাকরি ও আত্মকর্মসংস্থানের দু'টি পার্থক্য উল্লেখ কর। ২

গ. মি. আরিফ যেসব অসুবিধা উপলব্ধি করে চাকরি ছেড়ে দিয়েছিলেন সেগুলো চিহ্নিত কর। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে আত্মকর্মসংস্থানের ভবিষ্যৎ সম্ভাবনা আলোচনা কর। ৪

৯. রতন ও তার ৪ জন বন্ধু একত্রে তৈরি পোশাক শিল্প স্থাপন করে। ব্যবসায়টি প্রথম দিকে ভালো মুনাফা অর্জন করল। কিছুদিন পর রতন নিজে একটি প্রতিষ্ঠান দিতে চাওয়ায় তাদের মধ্যে সন্দেহ দেখা দেয়। এ অবস্থায় রতন ব্যবসায়টি বিলোপ সাধনের জন্য লিখিত পত্র প্রদান করে।

ক. অংশীদারি ব্যবসায়ে সর্বনিম্ন সদস্য সংখ্যা কত? ১

খ. চুক্তিকে অংশীদারি ব্যবসায়ের ভিত্তি বলা হয় কেন? ২

গ. রতনদের ব্যবসায় সংগঠনটির ক্ষেত্রে কোন ধরনের বিলোপসাধন ঘটতে পারে ব্যাখ্যা কর। ৩

ঘ. অংশীদারি ব্যবসায় একমালিকানা ব্যবসায়ের চেয়ে উত্তম-এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

১০. পরশ, পিয়াল ও পাপ্পু তিনজন বন্ধু মিলে একত্রে তৈরি পোশাক কেনা-বেচার জন্য সমঝোতারভিত্তিতে একটি প্রতিষ্ঠান গড়ে তুলেছে। কিছু তৈরি পোশাক কিনে কিছু দিন পর বিক্রয় করে। আবার কিছু তৈরি পোশাক কিনে ৪ বা ৫ দিনের মধ্যেই বিক্রয় করে দেয়। কোন পোশাক কখন বিক্রয় করবে এ নিয়ে প্রায়ই ঝগড়া হয়। তাই তারা যার যার মতো ব্যবসায় করার সিদ্ধান্ত নিল। এখন অন্যকে আর জিজ্ঞাসা করার প্রয়োজন পড়ে না। যার যার দায় এখন তার তার।

ক. সমবায় সংগঠনে ন্যূনতম কতজন সদস্য দরকার? ১

খ. অংশীদারি ব্যবসায়ের আবির্ভাব ঘটে কেন? ২

গ. তিন বন্ধু প্রথমে কোন ধরনের ব্যবসায় গঠন করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. তিন বন্ধু পরে কোন ধরনের ব্যবসায় করার সিদ্ধান্ত নিল? তাদের সিদ্ধান্তের যৌক্তিকতা তুলে ধর। ৪

১১. তানজিল টেক্সটাইল মিলের গেটে প্রতিষ্ঠানের শ্রমিকরা নিজেদের অর্থে একটা বিপণি বিতান গড়ে তুলেছে। এখান তারাই মালিক তারাই ক্রেতা। নিজেদের মধ্য থেকে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি প্রতিষ্ঠানটি পরিচালনা করে। প্রতি তিন বছর পরপর এ কমিটির নির্বাচন হয়। শেয়ার মূলধন যার যাই থাকুক না কেন সবাই সমানভাবে অংশগ্রহণ করে। তারা সবাই এ প্রতিষ্ঠানের কারণে নানাভাবে উপকৃত হচ্ছে।

ক. সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়ের নাম কী? ১

খ. একমালিকানা ব্যবসায় কীভাবে সম্পদের সুসম বণ্টন নিশ্চিত করে? ২

গ. সমবায় সমিতির কোন নীতির কারণে শ্রমিকরা নির্বাচনে সমানভাব অংশগ্রহণ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমবায় সমিতি গঠন করে শ্রমিকরা কীভাবে উপকৃত হয়? আলোচনা কর। ৪